

বিউবো চেয়ারম্যানের ধন্যবাদ প্রদান ও কৃতজ্ঞতা জ্ঞাপন

অগ্নিসন্ত্রাসী দুর্বৃত্তদের নারকীয় তাণ্ডবে যখন বাংলাদেশ স্তম্ভিত ও হতবাক, তখনই একনিষ্ঠ দেশপ্রেমের জাজ্বল্যমান চেতনায় উদ্বুদ্ধ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মীবাহিনী সদাসতর্ক থেকে দেশের লক্ষ কোটি টাকার সম্পদ রক্ষায় সচেষ্ট থেকেছেন। ‘সবার সাথে সবার আগে’ এ মন্ত্রণা বুক ধারণ করে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের লক্ষ্যে প্রতিষ্ঠানটির কর্মীবাহিনী রাতদিন কাজ করে চলেছেন।

মূলতঃ দেশের বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণের বহুমুখী কার্যক্রম পরিচালনায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত থেকে প্রকৃতপক্ষে এ খাতটিকে নেতৃত্ব দিয়ে আসছে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। যে কারণে বিদ্যুৎ খাতের ‘মাদার অর্গানাইজেশন’ হিসেবে এই প্রতিষ্ঠানটির কর্মকর্তা-কর্মচারীগণ মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার চেতনায় উদ্বুদ্ধ থেকে দেশবাসীর বিদ্যুৎ প্রদান পরিষেবায় সদাসর্বদা নিযুক্ত আছেন। দেশের এমনতরো সংকট ও সংগ্রামে আপনাদের এ নিবেদন বিউবো কর্তৃপক্ষ গভীর কৃতজ্ঞতা ও সম্মানের সঙ্গে স্মরণ করছে। দেশসেবার এ নিবেদিত মানসিকতার কারণেই দেশের এমন পরিস্থিতিতেও কোথাও অনাকাঙ্ক্ষিত কোনো বিদ্যুৎ বিচ্ছৃতি বা ব্যাহতির ঘটনা ঘটেনি, যা এ খাতের জন্য বিশেষ গুরুত্বপূর্ণ একটি বিষয়।

ইন্টারনেট সেবা ব্যাহত হওয়ার কারণে বিউবো’র সম্মানিত গ্রাহকগণ বিগত কয়েকদিন যাবত বিদ্যুৎ বিল রিচার্জ সংক্রান্ত কিছু অপ্রত্যাশিত সমস্যার সম্মুখীন হয়েছেন। এমন পরিস্থিতিতে বিউবো’র সম্মানিত গ্রাহকবৃন্দকে ধৈর্যধারণ করে উদ্বুদ্ধ পরিস্থিতি সফলভাবে সামাল দেওয়ার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

বিদ্যুৎ সেবায় সকল প্রতিবন্ধকতা দূর করে সম্মিলিতভাবে এগিয়ে যাওয়ার এ কাফেলায় যঁরা নিয়োজিত ছিলেন তাঁদের সকলের প্রতি রইলো ধন্যবাদ ও ব্যক্তিগত কৃতজ্ঞতা। পরম করুণাময় আল্লাহ্ তা’আলা আমাদের মঞ্জল করুন।